

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৪র্থ ইনডোর গেমস প্রতিযোগিতা ২০১৯ এর পুরস্কার
বিতরণী অনুষ্ঠিত



০২ মে-২০১৯, বৃহস্পতিবার বেলা:১২টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষাকেন্দ্রের উদ্যোগে (২৮ এপ্রিল-২ মে)পর্যন্ত '৪র্থ ইনডোর গেমস প্রতিযোগিতা ২০১৯' এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের নতুন ভবনের নীচতলায় স্পোর্টস গ্রাউন্ডে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ক্রীড়া উপ-কমিটি (ইনডোর গেমস)এর আহবায়ক ড. মোহাম্মদ আরিফউল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ক্রীড়া কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোহ আলী নূর উপস্থিত ছিলেন।

এসময় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার ও সাধারণ সম্পাদক ও প্রক্টর অধ্যাপক ড.নূর মোহাম্মদ, অনুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শামীমা বেগমসহ বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ এবং শারীরিক শিক্ষাকেন্দ্রের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ৪র্থ ইনডোর গেমস প্রতিযোগিতায় ৪টি ক্যাটাগরিতে ১৪টি ইভেন্টে প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।